

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই-১৬, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

বিজ্ঞপ্তি

স্মারক নং : ২২.০২.০০০০.০৮১.৫২.০০৯.২০-০৯

০৫/১১/১৪৩১ বঙ্গাব্দ

তারিখ : -----

১৯/০১/২০২৫ খ্রিস্টাব্দ


জৈব পচনশীল/কম্পোস্টেবল ব্যাগ বা মোড়ক অনুমোদনের লক্ষ্যে নমুনা কপিসহ প্রয়োজনীয় তথ্য দাখিল

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সকলের অবগতির জানানো যাচ্ছে যে, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ এর বিধি ৮ (৩) মোতাবেক প্লাস্টিকজাত ব্যাগ/মোড়কের ব্যবহার পরিহার করে জৈব পচনশীল/কম্পোস্টেবল ব্যাগ বা মোড়ক ব্যবহার-কে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। জৈব পচনশীল/কম্পোস্টেবল ব্যাগ বা মোড়ক অনুমোদনের লক্ষ্যে নমুনা কপিসহ প্রয়োজনীয় তথ্য প্রয়োজন। প্রসঙ্গত উল্লেখ্য যে, জৈব পচনশীল/কম্পোস্টেবল ব্যাগ বা মোড়ক অর্থাৎ সকল প্রকারের ব্যাগ বা মোড়ক, যা মূলত অনুজীবের ক্রিয়ায় পচনযোগ্য এবং বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন কর্তৃক নির্ধারিত জাতীয় মান উত্তীর্ণ অথবা বিধিমালার তফশিল-২ এ উল্লিখিত কম্পোস্টের মানমাত্রার (Standards for Compost) আওতাভুক্ত।

বর্ণিত অবস্থায়, দেশে জৈব পচনশীল/কম্পোস্টেবল ব্যাগ বা মোড়ক উৎপাদনকারী/আমদানিকারক প্রতিষ্ঠানসমূহকে নিম্নোক্ত ছকে প্রয়োজনীয় তথ্য ও প্রমানকসহ নমুনা কপি আগামী ১৫ ফেব্রুয়ারী, ২০২৫ এর মধ্যে পরিবেশ অধিদপ্তরের পরিচালক (বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা) বরাবর দাখিলের জন্য অনুরোধ জানানো হলো।

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা (মোবাইল ও ইমেইলসহ)	পণ্য উৎপাদনের অনুকূলে প্রদত্ত সরকারী দপ্তরের অনুমোদন (যদি থাকে)	উৎপাদিত বা আমদানিকৃত পণ্যের বিস্তারিত বিবরণ (আকার ও পুরুত্বসহ) ও সুস্পষ্ট ব্যবহার	ব্যবহৃত কাঁচামালের বিবরণ (Including Additives & Chemicals)	উৎপাদিত/আমদানি কৃত পণ্যের প্রকারভেদ (জৈব পচনশীল বা কম্পোস্টেবল)	দেশীয়/আন্তর্জাতিক ল্যাব টেস্টের রিপোর্ট (উপাদান ও জৈব পচনশীলতা/ কম্পোস্টেবল সংক্রান্ত)	কোনো দেশে রপ্তানির অনুমোদন (যদি থাকে)

* একাধিক পণ্যের ক্ষেত্রে পৃথক সারি ব্যবহার করতে হবে। কাঁচামালের ক্ষেত্রে শুধুমাত্র নাম উল্লেখ করতে হবে।


ড. মোঃ কামরুজ্জামান, এনডিসি
মহাপরিচালক

ফোন: ০২-২২২২১৮৫০০

ই-মেইল: dg@doe.gov.bd

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।